

ঢাবির উপাচার্য হলেন অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান

সংবাদ অনলাইন রিপোর্ট

: মঙ্গলবার, ২৭ আগস্ট ২০২৪



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য হিসেবে সাময়িকভাবে নিয়োগ পেলেন বিশ্ববিদ্যালয়টির ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান।

মঙ্গলবার (২৭ আগস্ট) মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়।

প্রজ্ঞাপনে বলা হয়, রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনে ১৯৭৩ সালের ঢাকা বিশ্ববিদ্যালয় অধ্যাদেশের আর্টিকেল ১১ (২) অনুযায়ী ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খানকে বিশ্ববিদ্যালয়ের সাময়িকভাবে উপাচার্য পদে নিয়োগ প্রদান করা হলো।

আরও বলা হয়, উপাচার্য পদে এ নিয়োগ যোগদানের তারিখ হতে কার্যকর হবে। উপর্যুক্ত পদে তিনি তার বর্তমান পদের সম্পরিমাণ বেতনভাতাদি প্রাপ্ত হবেন। বিধি অনুযায়ী পদসংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন।

বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিকভাবে
বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে অবস্থান করবেন তিনি।

তবে রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনও সময় এ নিয়োগ বাতিল
করতে পারবেন বলেও প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়।